# কিশোরগঞ্জ উপজেলা জুলাই/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২০ জুলাই, ২০২২ খ্রিঃ
সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্র নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কিশোরগঞ্জ উপজেলায় রোপা আমন ১৪৮৮০ হেক্টর লক্ষ্যমাত্রার বিপরীতে এখন পর্যন্ত ২৫২০ হেক্টর জমিতে রোপন হয়েছে। বৃষ্টিপাত কম থাকায় সম্পূরক সেচ দিয়ে ধান রোপন চলমান রয়েছে। ২৬৫ হেক্টর জমিতে জমিতে আউশ ধান এবং ৩৬০ হেক্টর জমিতে পাট ফসল চাষাবাদ হয়েছে যা ইতোমধ্যে কর্তন শুরু হয়েছে। গত ২৪ মার্চ ২০২২ এবং ১৮ এপ্রিল ২০২২ মাসের সমন্বয় সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে ১২০০ বর্গফুট আয়তনের আধুনিক কৃষি যন্ত্রপাতি সংরক্ষনাগার নির্মানের সিদ্ধান্ত গৃহিত হয়, তবে সুনির্দিষ্ট ভাবে স্থান ও স্কেচ ম্যাপ প্রস্তুত পূর্বক উদ্ধর্গামী করনের নির্দেশনা স্পষ্ট করা না থাকায় কাজটি সুষ্ঠভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো। সার মজুদ সন্তোষজনক এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | উপজেলা পরিষদের অভ্যন্তরে আধুনিক যন্ত্রপাতি সংরক্ষনাগার নির্মানের স্থান স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অবগত করে অনুমোদন নিতে হবে। মাঠ পর্যায়ের প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে,গতকাল ১৯ শে জুলাই কোভিট-১৯ ৩য় ডোজ বা বুষ্টার ডোজ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয় । পুরো উপজেলার ২৭ টি ওয়ার্ডের ২৭ টি কেন্দ্রে বুষ্টার ডোজের টিকা ক্যাম্পেইন সম্পন্ন হয়। উপজেলায় আমরা প্রায় ৯০০০ জনকে এই টিকা দিতে পেরেছি। পাশাপাশি করোনান প্রকোপ কিছু অনেকটাই বেড়েছে। এখন পর্যন্ত জুলাই মাসে আমাদের ৫ জন করোনা (+Ve) হয়েছে। । এছাড়াও হাসপাতালের নিয়মিত টিকা কেন্দ্রে প্রতিদিন ""কোভিড-১৯" টিকা দান কার্যক্রম অব্যহত থাকবে। অন্যান্য কার্যক্রমগুলোর মধ্যে অপারেশন থিয়েটার চলমান রয়েছে।এবং আল্ট্রাসনোগ্রাম কার্যক্রম চালু রয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধ করা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পের তালিকা আগামী ৩১ শে আগষ্ট তারিখ দাখিল করার জন্য সকল চেয়ারম্যানদ্বয়কে অবগত করা হলো। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন, উপজেলা কোয়ার্টারের ২ টি বাসা, ব্যাচেলর ডরমেটরী এর ভবন জরাজীর্ণ বসোবাসের অনুপযোগী ও পরিত্যাক্ত কনডেম ঘোষনা সহ প্রাক্কলন প্রস্তুত করে নিলাম করা প্রয়োজন। | (এডিপি) বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প ৩১ শে আগষ্ট/২০২২ খ্রিঃ তারিখে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত । ভবন গুলো কনডেম ঘোষনাসহ নিলামের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা প্রানি সম্পদ অফিস | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কর্মকর্তা এর পক্ষে প্রতিনিধি না দিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | কর্মকর্তা কে মিটিং উপস্থিত হওয়ার জনা বলা হয়। | সংশ্লিষ্ট সকল। |

